যুগান্তর

তারিখ 27 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ৫ লাখ শিক্ষক কর্মচারী নতুন পে-স্কেলে ঈদ বোনাস পাবেন

**যুগান্তর রিপোর্ট**

এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদেরও নতুন পে-স্কেলের হিসাবে রোজার ঈদের উৎসব ভাতা দেয়া হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয় রোববার এ সংক্রান্ত আদেশ জারি করেছে। নতুন এই সিদ্ধান্তের ফলে ৫ লাখ শিক্ষক-কর্মচারীর ঈদ বোনাস আগের চেয়ে দ্বিগুণ হয়ে যাবে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ যুগান্তরকে বলেন, 'শিক্ষকদের সর্বোচ্চ সুবিধা নিশ্চিত করতে আমরা সব সময়ই চেষ্টা করি।

সরকারি চাকরিজীবীদের যখন সরকার নতুন স্কেলে উৎসব ভাতা দেয়ার সিদ্ধান্ত নেয়, তখন শিক্ষকদের ক্ষেত্রেও এটা বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়। শিক্ষকরা যেন সুবিধাটি পান তা মাননীয় প্রধানমন্ত্রীও চেয়েছেন। আমাদের প্রচেষ্টায় সফল হয়েছি।'

শিক্ষা মন্ত্রণালয়ের হিসাব অনুযায়ী, বর্তমানে সারা দেশে প্রায় ৫ লাখ শিক্ষক-কর্মচারী এমপিও পাচ্ছেন। এর মধ্যে সাধারণ স্কুল-কলেজ ও মাদ্রাসায় শিক্ষক-কর্মচারী আছেন ৪ লাখ ৭৯ হাজার ২৯২ জন। কারিগরি স্কুল-কলেজ ও মাদ্রাসায় আছেন ১৭ হাজার ৩৭৬ জন।

সরকারের অন্য চাকরিজীবীরা মূল বেতনের সমপরিমাণ বোনাস বা উৎসব ভাতা পেয়ে থাকেন। কিন্তু শিক্ষকদের মূল বেতনের ২৫ শতাংশ আর কর্মচারীদের ৫০ শতাংশ অর্থ দেয়া হয়। রাজধানীর একটি কলেজের প্রভাষক বদরুল ইসলাম যুগান্তরকে বলেন, আগের পে-স্কেল অনুযায়ী তিনি ২৫ শতাংশ হিসেবে ২৭৫০ টাকা উৎসব ভাতা পেয়েছেন।